**তথ্য কমিশন বাংলাদেশ**
এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭

**আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক সভার কার্যবিবরণী**

**সভাপতি: ডক্টর আবদুল মালেক**
**প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন বাংলাদেশ**

**তারিখ: ১৬ জুলাই ২০২৩** **সময়: সকাল ১১.০০ টা**

**স্থান: সম্মেলন কক্ষ, তথ্য কমিশন বাংলাদেশ।**

**উপস্থিতি: পরিশিষ্ট 'ক'**

সভাপতি আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, প্রতিবছরের ন্যায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপনের লক্ষ্যে সকলের মতামত নিয়ে দিবসের কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে এই সভার আয়োজন করা হয়েছে। তথ্য কমিশন বাংলাদেশের সচিব জনাব জুবাইদা নাসরীন বলেন, বিগত বছরের মতো দিবসটি সুষ্ঠুভাবে উদ্‌যাপন করতে সকলের সহযোগিতা প্রয়োজন। সভাপতির অনুমতিক্রমে তথ্য কমিশন বাংলাদেশের পরিচালক (প্রশাসন) ড. মোঃ আঃ হাকিম সভার কার্যপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম/বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপনের সার্বিক সমন্বয় কমিটি** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়:<br>০১। ডক্টর আবদুল মালেক , প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন বাংলাদেশ - আহবায়ক<br>০২। জনাব জুবাইদা নাসরীন, সচিব, তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য সচিব<br>০৩। প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য<br>০৪। প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ - সদস্য<br>০৫। প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় - সদস্য<br>০৬। প্রতিনিধি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় - সদস্য<br>০৭। প্রতিনিধি, গণযোগাযোগ অধিদপ্তর - সদস্য<br>০৮। প্রতিনিধি, এটুআই - সদস্য<br>০৯। প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো - সদস্য<br>১০। প্রতিনিধি, বিএনএনআরসি - সদস্য<br>১১। প্রতিনিধি, এমআরডিআই - সদস্য<br>১২। ড. মোঃ আঃ হাকিম, পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>১৩। জনাব সোহানা নাসরীন, উপ-পরিচালক (গ.প্র.প্র.), তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>১৪। জনাব তামান্না তাসনীম, তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>১৫। জনাব মোঃ সালাহ উদ্দিন, সহকারি পরিচালক (প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>১৬। জনাব হেলাল আহমেদ, সহকারী পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>১৭। জনাব শাহাদাৎ হোসেইন, সহকারি পরিচালক (হিসাব ও বাজেট), তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>১৮। জনাব রাবেয়া হেনা, গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>১৯। জনাব লিটন কুমার প্রামাণিক, জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য<br>২০। জনাব মোঃ তরিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ - সদস্য | তথ্য কমিশন বাংলাদেশ |

| | | |
|---|---|---|
| **০২। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন** | আগামী ২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)। এছাড়া ২৯ এবং ৩০ সেপ্টেম্বর শুক্র ও শনিবার বিবেচনায় ২৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ বুধবার আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদ্‌যাপন করা হবে। | তথ্য কমিশন বাংলাদেশ |
| **০৩। প্রতিপাদ্য ও স্লোগান নির্ধারণ** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে ইউনেস্কোর থিম এর সাথে মিল রেখে প্রতিপাদ্য নির্ধারণ করতে হবে। ইউনেস্কোর থিম পাওয়া গেলে বাংলা ও ইংরেজিতে প্রতিপাদ্য নির্ধারণ করা হবে। বিগত বছরের স্লোগানসমূহ হতে একটি স্লোগান নির্ধারণ করা হবে। | তথ্য কমিশন বাংলাদেশ |
| **০৪। আলোচনা সভা আয়োজন** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে সংশ্লিষ্ট উপ-কমিটি আলোচনা সভার আয়োজন করবে। তথ্য কমিশন বাংলাদেশ ভবনের অডিটোরিয়ামে আলোচনা সভা আয়োজন করা হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **০৫। আলোচনা সভার অতিথি নির্বাচন** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি এবং বিশেষ অতিথি র্নির্ধারণ করে আমন্ত্রণ জানানো হবে। তাঁদের সম্মতি সাপেক্ষে অন্যান্য অতিথি নির্ধারণ করা হবে। | তথ্য কমিশন বাংলাদেশ |
| **০৬। আলোচনা সভার আমন্ত্রিত অতিথিগণের তালিকা প্রণয়ন এবং আমন্ত্রণপত্র প্রস্তুতকরণ ও পৌঁছানো** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে তথ্য কমিশন বাংলাদেশ হতে আলোচনা সভার আমন্ত্রণপত্র প্রস্তুত করে অতিথিগণের নিকট পৌঁছাতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **০৭। ক্রোড়পত্র প্রকাশ** | দিবসটি উপলক্ষে তথ্য কমিশন বাংলাদেশ হতে ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ক্রোড়পত্র প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট উপ-কমিটি ক্রোড়পত্রের বাণী চূড়ান্ত করে ডিএফপির মাধ্যমে ক্রোড়পত্রের ডিজাইন প্রস্তুত করবে। ক্রোড়পত্রের ডামি কমিশন কর্তৃক চূড়ান্ত করে ক্রোড়পত্র প্রকাশের জন্য নির্ধারিত বাজেট জানিয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বাজেট অনুযায়ী পত্রিকা নির্বাচন করে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **০৮। জেলা পর্যায়ে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদ্‌যাপন** | ০৮.১ জেলা পর্যায়ে আলোচনা সভার আয়োজন করা হবে।<br>০৮.২ তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জেলা পর্যায়ে দিবস উদ্‌যাপনের জন্য তথ্য কমিশন বাংলাদেশ হতে সকল জেলা প্রশাসক বরাবরে কী পরিমাণ অর্থ প্রেরণ করা যেতে পারে সে বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br>৮.৩ তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সকল সদস্য এবং সরকারি ও বেসরকারি সকল সংস্থার সমন্বয়ে দিবস উদ্‌যাপনের কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা প্রশাসকগণকে তথ্য কমিশন হতে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **০৯। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের স্লোগান, প্রতিপাদ্য প্রভৃতি এসএমএস এর মাধ্যমে প্রচার।** | বিটিআরসির মাধ্যমে তথ্য অধিকার দিবসের স্লোগান, প্রতিপাদ্য প্রভৃতি ২৭ ও ২৮ সেপ্টেম্বর মোবাইল ফোনে এসএমএস দিয়ে জনগণকে জানাতে হবে। | পরিচালক (প্রশাসন) সহকারী প্রোগ্রামার ও বিটিআরসি |
| **১০। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের স্লোগান ও প্রতিপাদ্য সম্বলিত ডিজিটাল ব্যানার ওয়েবসাইটে প্রচার।** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের স্লোগান ও প্রতিপাদ্য সম্বলিত ডিজিটাল ব্যানার এটুআই এর মাধ্যমে সারাদেশের ওয়েবসাইটগুলোতে প্রচার করতে হবে। | পরিচালক (প্রশাসন,) সহকারী প্রোগ্রামার ও এটুআই |

| | | |
|---|---|---|
| **১১। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের স্লোগান, প্রতিপাদ্য প্রভৃতি ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রচার।** | ১১.১ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের স্লোগান, প্রতিপাদ্য এবং তথ্য অধিকার সম্পর্কিত অন্যান্য তথ্য দিয়ে ডিজিটাল ডিসপ্লের কনটেন্ট প্রস্তুত করে কমিশন ভবনে, গনযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে জেলা ও উপজেলার ডিজিটাল ডিসপ্লেতে ২৬-৩০ সেপ্টেম্বর পাঁচ দিনব্যাপী প্রচার করা হবে।<br>১১.২ সকল সিটি কর্পোরেশন ও পৌরসভার ডিজিটাল ডিসপ্লেতে ২৬-৩০ সেপ্টেম্বর পাঁচ দিনব্যাপী বিনামূল্যে প্রচারের জন্য পত্র দিতে হবে। | গনযোগাযোগ অধিদপ্তর, পরিচালক (গ.প্র.প্র) ও জনসংযোগ কর্মকর্তা |
| **১২। পোস্টার প্রস্তুত ও প্রেরণ।** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে প্রচারের জন্য তথ্য কমিশন বাংলাদেশের অনুমতিক্রমে কার্টার সেন্টার পোস্টার প্রস্তুত করে গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে ঢাকাসহ সারাদেশে দৃশ্যমান স্থানে পোস্টার স্থাপনের ব্যবস্থা করবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **১৩। টেলিভিশন, বেতার ও কমিউনিটি রেডিওতে অনুষ্ঠান প্রচার** | তথ্য কমিশন বাংলাদেশ হতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে বিটিভি, বাংলাদেশ বেতার ও কমিউনিটি রেডিওসহ বেসরকারি টেলিভিশন চ্যানেলে অনুষ্ঠান প্রচারের জন্য পত্র দিতে হবে। | সচিব, তথ্য কমিশন বাংলাদেশ এবং জনসংযোগ কর্মকর্তা |
| **১৪। টেলিভিশন, বেতার ও কমিউনিটি রেডিওতে আলোচনা সভা আয়োজন** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের গুরুত্ব ও তাৎপর্য ভিত্তিক আলোচনা সভা আয়োজনের জন্য বিটিভি, বাংলাদেশ বেতার ও কমিউনিটি রেডিওতে পত্র দিতে হবে। | তথ্য কমিশন বাংলাদেশ |
| **১৫। অভ্যর্থনা** | ১৭.১। আমন্ত্রিত অতিথিগণকে অভ্যর্থনাপূর্বক নির্দিষ্ট আসনে বসাতে হবে।<br>১৭.২। মঞ্চ এবং অতিথিগণের আসন নির্ধারণ করে আসন বিন্যাস করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **১৬। আপ্যায়ন** | সংশ্লিষ্ট উপ কমিটি দিবস উদ্‌যাপনের দিন আপ্যায়নের ব্যবস্থা করবেন। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **১৭। প্রধান অতিথি এবং বিশেষ অতিথির স্ক্রিপ্ট প্রেরণ** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভার প্রধান অতিথি ও বিশেষ অতিথিগণের প্রয়োজনীয় স্ক্রিপ্ট পাঠাতে হবে। | পরিচালক (গ.প্র.প্র.) |
| **১৮। অনুষ্ঠানের স্থিরচিত্র তথ্য কমিশনে প্রেরণ** | জেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহের স্থিরচিত্র ধারণ করে তথ্য কমিশনে প্রেরণের জন্য পত্র দিতে হবে । | তথ্য কমিশন বাংলাদেশ |
| **১৯। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের আলোচনা অনুষ্ঠানের স্থির চিত্র ধারণ** | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদ্‌যাপনের আলোচনা অনুষ্ঠানের স্থির চিত্র ধারণ করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ |
| **২০। বাজেট প্রণয়ন** | গত বছরের ব্যয়িত অর্থের ভিত্তিতে ২০২৩ সালের আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদ্‌যাপনের লক্ষ্যে বাজেট প্রস্তুত করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **২১। এনজিও সমূহের কর্মসূচি** | এনজিওসমূহ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে তাদের নিজ নিজ গৃহীত কর্মসূচি তথ্য কমিশন বাংলাদেশকে পত্র দিয়ে জানিয়ে দিবেন। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |

## ২২. আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে গঠিত উপ-কমিটিসমূহ

| ০১. আলোচনা সভা আয়োজন উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | সচিব, তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২. | পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৩. | উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৪. | প্রতিনিধি, এমআরডিআই | সদস্য |
| ৫. | প্রতিনিধি, ব্র্যাক | সদস্য |
| ৬. | প্রতিনিধি, কার্টার সেন্টার | সদস্য |
| ৭. | সহকারী পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৮. | জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৯. | সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ১০. | সহকারী পরিচালক (প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: ১। আলোচনা অনুষ্ঠানের অডিটোরিয়ামে আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা অনুযায়ী আসন বিন্যাস, মঞ্চ ব্যবস্থাপনাসহ সার্বিক দায়িত্ব পালন।

| ০২. আমন্ত্রিত অতিথিগণের তালিকা প্রণয়ন এবং আমন্ত্রণপত্র প্রস্তুত ও পৌঁছানো উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২. | উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৪. | সহকারী পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৫. | সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: ১। আমন্ত্রণপত্রের ডিজাইন নির্বাচন ও কার্ড মুদ্রণ।

২। আমন্ত্রিত অতিথিগণের তালিকা প্রস্তুত এবং কার্ড পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ।

| ০৩. ক্রোড়পত্র প্রস্তুতকরণ উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | সচিব, তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২. | প্রতিনিধি, তথ্য অধিদফতর (পিআইডি) | সদস্য |
| ৩ | প্রতিনিধি, চলচিত্র ও প্রকাশনা অধিদপ্তর | সদস্য |
| ৪. | পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৫. | সহকারী পরিচালক (হিসাব ও বাজেট), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৬. | গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৭. | জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: ১। ক্রোড়পত্রের বাণীর খসড়া তৈরি।

২। মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী, মাননীয় প্রধান তথ্য কমিশনার এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের বাণী সংগ্রহ।

৩। ক্রোড়পত্রের ডামি তৈরি। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে পত্রিকা নির্বাচন করে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ।

| ০৪. জেলা পর্যায়ে দিবস উদ্‌যাপন উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২. | জনাব তামান্না তাসনীম, তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৪. | জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৫. | সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৬. | উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: ০১। জেলা পর্যায়ে আলোচনা সভার আয়োজন করার বিষয়ে যোগাযোগ করতে হবে।

০২। তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জেলা পর্যায়ে দিবস উদ্‌যাপনের জন্য তথ্য কমিশন বাংলাদেশ হতে সকল জেলা প্রশাসক বরাবর কী পরিমাণ অর্থ প্রেরণ করা যেতে পারে তা বাজেট কমিটির সাথে সমন্বিতভাবে নির্ধারণ করতে হবে।

০৩। তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সকল সদস্য এবং সরকারি ও বেসরকারি সকল সংস্থার সমন্বয়ে দিবস উদ্‌যাপনের কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা প্রশাসকগণকে তথ্য কমিশন হতে পত্র প্রেরণ করতে হবে।

০৪। গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে তথ্য অধিকার বিষয়ক ডকুমেন্টারি/ টিভিসি প্রেরণ করতে হবে।

| ০৫. অভ্যর্থনা উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২. | জনাব তামান্না তাসনীম, তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৩. | জনাব মো: গোলাম কিবরিয়া, ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৪. | জনাব লাবনী সরকার, ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৫. | জনাব মুন্না রানী শর্মা, ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৬. | জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, সহকারী গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৭. | গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: ১। আমন্ত্রিত প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে শুভেচ্ছা ও স্বাগত জানানো এবং মঞ্চের নির্দিষ্ট আসনে উপবিষ্ট করানো।

২। আমন্ত্রিত অন্যান্য অতিথিগণকে স্বাগত জানানো এবং নির্দিষ্ট আসনে উপবিষ্ট করানো।

| ০৬. আপ্যায়ন উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (হিসাব ও বাজেট), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৪. | জনাব মো: গোলাম কিবরিয়া, ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৫. | সহকারী পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: ১। আপ্যায়নের মেনু নির্ধারণ, খাবার সংগ্রহ ও আমন্ত্রিত অতিথিগণের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ।

| ০৭. বাজেট প্রণয়ন উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২. | পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৩. | উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৪. | সহকারী পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য |
| ৫. | সহকারী পরিচালক (হিসাব ও বাজেট), তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: বাজেট উপ-কমিটি সংশ্লিষ্ট উপ-কমিটিসমূহের কাছ থেকে বাজেট নিয়ে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ এর সম্ভাব্য বাজেট প্রণয়ন।

| ০৮. পোস্টার প্রস্তুত ও প্রেরণ উপ-কমিটি | | |
|---|---|---|
| ১. | পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন বাংলাদেশ | আহবায়ক |
| ২. | প্রতিনিধি, চলচিত্র ও প্রকাশনা অধিদপ্তর | সদস্য |
| ৩, | প্রতিনিধি , গণযোগাযোগ অধিদপ্তর | সদস্য |
| ৪. | প্রতিনিধি, কার্টার সেন্টার | সদস্য |
| ৫. | প্রতিনিধি, এমআরডিআই | সদস্য |
| ৬. | প্রতিনিধি, বিএনএনআরসি | সদস্য |
| ৭. | প্রতিনিধি, আশা | সদস্য |
| ৮. | জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ | সদস্য সচিব |

উপ-কমিটির কর্মপরিধি: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে পোস্টার প্রস্তুত করে সারাদেশে প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

**বিবিধ সিদ্ধান্ত:**

১।

ক) এনজিওসমূহসহ সকল অফিসের স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নিশ্চিত করতে মনিটরিং করতে হবে।

খ) আরটিআই ওয়ার্কিংগ্রুপের সভার সিদ্ধান্ত নিয়ে এনজিওসমূহের ওয়েবসাইট জাতীয় ওয়েবপোর্টালে লিংক করতে হবে।

গ) মন্ত্রিপরিষদ বিভাগ মাঠ পর্যায়ে স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশে যে সমস্ত কার্যক্রম গ্রহণ করেছে তার পেপারসমূহ তথ্য কমিশন বাংলাদেশের ওয়েবসেইটে আপলোড করতে হবে।

ঘ) জাতীয় ওয়েবপোর্টালের সকল ওয়েবসাইটের তথ্য অধিকার প্যানেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের তথ্য হালনাগাদ করতে হবে। a2i এর কাছ থেকে জাতীয় ওয়েবপোর্টালের ওয়েবসাইটের তথ্য অধিকার প্যানেলটি তথ্য কমিশন বাংলাদেশের নিয়ন্ত্রনে নেয়ার জন্য তথ্য কমিশন বাংলাদেশের সহকারী প্রোগ্রামার ব্যবস্থা গ্রহণ করবেন।

২। বিবিধ সিদ্ধান্ত ১ এর বিষয়ে এনজিওসমূহসহ সংশ্লিষ্টদের নিয়ে পরবর্তিতে প্রশাসন শাখা হতে একটি সেমিনার বা ওয়ার্কশপ করা যেতে পারে।

৩। শিল্পকলা একাডেমির ডিজিটাল ডিসপ্লেতে সেপ্টেম্বর মাসব্যাপী বিভিন্ন প্রোগ্রামের আগে তথ্য অধিকার বিষয়ে প্রচার করার জন্য জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ করতে হবে।

৪। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে প্রেস ব্রিফিং করা যেতে পারে।

৫। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপনের সার্বিক সমন্বয় কমিটি এবং উপ-কমিটিসমূহ প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

পরিশেষে সভাপতি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের সংবিধানের মাধ্যমে যে অধিকার দিয়েছেন তারই অবিচ্ছেদ্য অংশ তথ্য অধিকার আইন যা বাস্তবায়নে আমাদের সকলকে আইন অনুযায়ী কাজ করতে হবে। তিনি আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
১৯.০৭.২০২৩
**(ডক্টর আবদুল মালেক)**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

০৪ শ্রাবণ ১৪৩০

স্মারক নং-১৫.৫১.০০০০.৬০২.০২.০০৩.২২.২৩৩ তারিখ ------------------

১৯ জুলাই ২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ;
৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ;
৪. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৫. সচিব, তথ্য কমিশন বাংলাদেশ;
৬. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো;
৭. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর;
৮. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর (পিআইডি);
৯. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর;
১০. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
১১. পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ, শেরে বাংলা নগর, ঢাকা;
১২. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, এমআরডিআই;
১৩. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, আশা;
১৪. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, বিএনএনআরসি;
১৫. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, ব্র্যাক;
১৬. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, ডি.নেট;
১৭. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, Friedrich Naumann Foundation;
১৮. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, কার্টার সেন্টার;
১৯. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, দিশা;
২০. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, আইন ও সালিস কেন্দ্র (আসক);
২১. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, নারী উন্নয়ন শক্তি;
২২. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, রূপান্তর;
২৩. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, নাগরিক উদ্যোগ;
২৪. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, নিজেরা করি;
২৫. নির্বাহী পরিচালক/ কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ/সিইও, সুপ্র;
২৬. উপ-পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ, শেরে বাংলা নগর, ঢাকা; ।
২৭. প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ, (প্রধান তথ্য কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
২৮. সহকারি পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ, শেরে বাংলা নগর, ঢাকা;
২৯. গবেষণা কর্মকর্তা/জনসংযোগ কর্মকর্তা/ সহকারি প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ, শেরে বাংলা নগর, ঢাকা;
৩০. অফিস কপি ।

(ড. মোঃ আব্দুল হাকিম)
পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ)
তথ্য কমিশন বাংলাদেশ